



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৭৬/ ২৭৪

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০  
০৭ মে ২০২৩


বিষয় : অভিযোগের বিষয়ে উচ্চতর তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন ইউসুফপুর বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে নানাবিধ অভিযোগের বিষয় উল্লেখপূর্বক ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যের মধ্যে ৯ জন সদস্য কর্তৃক সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়া হয়েছে মর্মে বিদ্যোৎসাহী সদস্য জনাব মো: রদরুল আলম বোর্ডে অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী কর্তৃক প্রেরিত তদন্তে অভিযোগের বিষয় প্রমাণিত হয়নি তবে উক্ত প্রতিবেদনে সভাপতির বিরুদ্ধে সদস্যদের অনাস্থা বিষয়ে কোন কিছুই উল্লেখ করা হয়নি। ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ ওমর ফারুক আকন প্রতিষ্ঠানের স্বার্থের বিরুদ্ধে কাজ করছেন উল্লেখ করে ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যের মধ্যে ৮ জন সদস্য কর্তৃক সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়া হয়েছে মর্মে জনাব মো: বদরুল আলম উচ্চতর তদন্তের জন্য পুনরায় অভিযোগ দাখিল করেছেন।

এমতাবস্থায় অভিযোগকৃত ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে(প্রযোজ্য ক্ষেত্রে) তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে উচ্চতর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৬) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


  
০৭.০৫.২৩

প্রফেসর মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
০৭.০৫.২৩

জেলা শিক্ষা অফিসার  
পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৭৬/ ২৭৪

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০  
০৭ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলাপাড়া, পটুয়াখালী;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ইউসুফপুর বালিকা দাখিল মাদ্রাসা, পো: মোয়াজ্জেমপুর, কলাপাড়া, পটুয়াখালী;
৫. জনাব মো: বদরুল আলম (অভিযোগকারী), বাংলাভিশন টেলিভিশন, নূর টাওয়ার(১৪তলা), ১১০ সিআর দত্ত রোড, ঢাকা ১২০৫;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

  
০৭.০৫.২৩

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
০৭.০৫.২৩